



প্রস বিজ্ঞপ্তি

২৪ নভেম্বর, ২০১৭

তাজরিন অগ্নিকাণ্ডের পাঁচ বছর:

নিরাপদ কর্মক্ষেত্র, নারী শ্রমিকের প্রতি হয়রানী মূলক আচরনসহ সকল শ্রমিকের প্রতি বৈষম্য নিরসন এবং কর্মক্ষেত্রে দুর্ঘটনায় আহত ও নিহত শ্রমিকের যথাযথ ক্ষতিপূরণ নিশ্চিত করার দাবী জানালো ব্লাস্ট

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) তাজরিন ফ্যাশনের ভয়াবহ অগ্নিকাণ্ডের পাঁচ বছর পূর্তিতে নিরাপদ কর্মক্ষেত্র, নারী শ্রমিকের প্রতি হয়রানী মূলক আচরন সহ সকল শ্রমিকের প্রতি বৈষম্য নিরসনের দাবী জানিয়েছে ব্লাস্ট। এছাড়াও কর্মক্ষেত্রে দুর্ঘটনায় আহত ও নিহত শ্রমিকের যথাযথ ক্ষতিপূরণ নিশ্চিত করা এবং এ পর্যন্ত ঘটে যাওয়া এসব ঘটনার সুষ্ঠু তদন্ত এবং দায়ী ব্যক্তিদের যথাযথ বিচারের দাবী জানিয়েছে ব্লাস্ট।

বাংলাদেশের বিদ্যমান শ্রম আইনে যে পরিমাণ ক্ষতিপূরণের অর্থ নির্দিষ্ট করা আছে, তা বর্তমান সময়ের প্রেক্ষাপটে ও বাস্তবতার নিরিখে যথাযথ নয়। এই মর্মান্তিক দুর্ঘটনার প্রায় ৫ বছর হয়ে গেলেও এখনো কর্মক্ষেত্রে দুর্ঘটনায় নিহত ও আহত শ্রমিকের ক্ষতিপূরণ প্রদানে নূন্যতম মানদণ্ড নির্ধারণ করা সম্ভব হয় নি। মানুষের জীবনের নিরাপত্তা বিধান করা রাষ্ট্রের দায়িত্ব। ব্লাস্ট শ্রমিকের যথাযথ ও দ্রুত ক্ষতিপূরণ প্রদানের জন্য সঠিক ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করে, কোন কোন ক্ষেত্রে ক্ষতিপূরণ প্রদান করা হবে সে সংক্রান্ত সুনির্দিষ্ট বিষয় নির্ণয় এবং দ্রুত ক্ষতিপূরণ পাওয়ার জন্য শ্রম আইনের বিধান সংশোধনের দাবী জানাচ্ছে। ব্লাস্ট মনে করে, জরুরী ভিত্তিতে শ্রমিকের ক্ষতিপূরণ প্রাপ্তি এবং এক্ষেত্রে নূন্যতম মানদণ্ড নির্ধারণ করা অতীব প্রয়োজন।

তাজরিন ফ্যাশনের অগ্নিকাণ্ডের পাঁচ বছর-এ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর পক্ষ থেকে শ্রমিক নিরাপত্তা ফোরামের পক্ষ হতে আজ ২৪শে নভেম্বর, ২০১৭ ইং তারিখ সকল নিহতদের প্রতি শ্রদ্ধা ও সহমর্মিতা জানাতে সকাল ৯.০০টায় জুরাইন কবরস্থানে শ্রদ্ধা জ্ঞাপন, ১ মিনিট নীরবতা পালন ও পুষ্পস্তবক অর্পণ করা হয়। এছাড়াও সকাল ১০.৩০ মিনিটে জাতীয় প্রেস ক্লাবের সামনে র্যালী ও মানব বন্ধন কর্মসূচিতে ব্লাস্ট অংশগ্রহণ করে। ব্লাস্টের পক্ষ হতে নিরাপদ কর্মক্ষেত্র, কর্মক্ষেত্রে নারী শ্রমিকের প্রতি হয়রানী মূলক আচরন সহ সকল শ্রমিকের প্রতি বৈষম্য নিরসন, কর্মক্ষেত্রে দুর্ঘটনায় আহত ও নিহত শ্রমিকের যথাযথ ক্ষতিপূরণ নিশ্চিত করার দাবী তোলা হয়।

এছাড়া তাজরীন দিবসকে সামনে রেখে ব্লাস্ট এর পক্ষ হতে বিভিন্ন জেলা সমূহে মানব বন্ধন কর্মসূচী পালন করা হয়। গার্মেন্টস শ্রমিক ও সাধারণ মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে ফরিদ উদ্দিন প্রি-ক্যাডেট এন্ড হাই স্কুল, ২২/১ মধ্য কুনিপাড়া, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকায় এবং ইমামপাড়া রৌফাবাদ আদর্শ উচ্চ বিদ্যালয়, রৌফাবাদ, চট্টগ্রাম-এ দিনব্যাপী লিগ্যাল এইড ক্যাম্পের আয়োজন করা হয়েছে যেখানে ব্লাস্টের প্রতিনিধি, প্যানেল আইনজীবী ও সরকারী শ্রমিক আইন সহায়তা সেলের প্রতিনিধি উপস্থিত থেকে উপদেশ, পরামর্শ প্রদান এবং সালিশ ও সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করেন। উল্লেখ্য যে, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) পোশাক শিল্পের শ্রমিকদের জন্য আইন সহায়তা ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছে। গত ১০ই নভেম্বর ২০১৭ তারিখ ঢাকার আশুলিয়ায় এবং গত ১৭ই নভেম্বর ২০১৭ তারিখ গাজীপুরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে, দিনব্যাপী লিগ্যাল এইড ক্যাম্পের আয়োজন করা হয়েছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd